

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪১৫৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৪৭]

২৮। কসম (كتاب الأيمان)

পরিচ্ছেদঃ ২, যে ব্যক্তি লাত ও উয্যার নামে কসম করে সে যেন লা ইলাহা ইল্লালাহ বলে

باب مَنْ حَلَفَ بِاللاَّتِ وَالْعُزَّى فَلْيَقُلْ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ

আরবী

وَحَدَّتَنِي سُوَيْدُ بْنُ سَعِيد، حَدَّتَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِم، عَنِ الْأَوْزَاعِيّ، ح وَحَدَّتَنَا إِسْحَاقُ، بْنُ إِبْرَاهِيمَ وَعَبْدُ بْنُ حُمَيْدٍ قَالاَ حَدَّتَنَا عَبْدُ الرَّزَاقِ، أَخْبَرَنَا مَعْمَرٌ، كِلاَهُمَا عَنِ الزُّهْرِيِّ، بِهَذَا الْإِسْنَادِ وَحَدِيثُ مَعْمَرٍ مِثْلُ حَدِيثِ يُونُسَ غَيْرَ أَنَّهُ قَالَ " فَلْيَتَصِدَّقْ بِشَيْءٍ " . وَفِي حَدِيثِ الْإِسْنَادِ وَحَدِيثُ مَعْمَرٍ مِثْلُ حَدِيثِ يُونُسَ غَيْرَ أَنَّهُ قَالَ " فَلْيَتَصِدَّقْ بِشَيْءٍ " . وَفِي حَدِيثِ الْأَوْزَاعِيّ " مَنْ حَلَفَ بِاللاَّتِ وَالْعُزَّى " . قَالَ أَبُو الْحُسَيْنِ مُسْلِمٌ هَذَا الْحَرْفُ _ يَعْنِي الْأَوْزَاعِيّ " مَنْ حَلَفَ بِاللاَّتِ وَالْعُزَّى " . قَالَ أَبُو الْحُسَيْنِ مُسْلِمٌ هَذَا الْحَرْفُ _ يَعْنِي قَوْلُهُ تَعَالَ أَقُامِرُكَ . فَلْيَتَصِدَقْ _ لاَ يَرْوِيهِ أَحَدٌ غَيْرُ الزُّهْرِيِّ قَالَ وَلِلزُّهْرِيِّ نَحْقُ مِنْ قَوْلَهُ تَعَالَ أَقُامِرُكَ . فَلْيَتَصِدَقْ _ لاَ يَرْوِيهِ أَحَدٌ غَيْرُ الزُّهْرِيِّ قَالَ وَلِلزُّهْرِيِّ نَحْقُ مِنْ تَسْعِينَ حَدِيثًا يَرُويهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم لاَ يُشَارِكُهُ فِيهِ أَحَدٌ بِأَسَانِيدَ جِيَادٍ .

বাংলা

8১৫৩-(.../...) সুওয়াইদ ইবনু সাঈদ, ইসহাক ইবনু ইবরাহীম ও আবদ ইবনু হুমায়দ (রহঃ) যুহরী (রহঃ) সূত্রে বর্ণনা করেন। আর মা'মার (রহঃ) এর হাদীস ইউনুস (রহঃ) এর হাদীসের অনুরূপ। তবে মা'মার বলেছেন, "সে যেন কোন কিছু সাদাকা করে দেয়"। আর আওযাঈর হাদীসে আছে, যে 'লাত' ও 'মানাত এর শপথ করবে। (ইসলামিক সেন্টার ৪১১৩)

আবৃল হুসায়ন মুসলিম (রহঃ) বলেন, এ কথাটি অর্থাৎ তার কথা "তুমি এসো, তোমার সাথে আমি জুয়া খেলি, তবে সে যেন সাথে সাথে সাদাকা দেয়" যুহরী ব্যতীত অন্য কেউই বর্ণনা করেননি। ইমাম মুসলিম (রহঃ) আরো বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে প্রায় নকাইটি হাদীস যুহরীর নিকট রয়েছে যা তিনি উত্তম সূত্রে বর্ণনা করেছেন, যাতে আর কেউ শারীক নেই। (ইসলামিক ফাউন্ডেশন ৪১১৫, ইসলামিক সেন্টার ৪১১৪)

English

This hadith has been narrated on the authority of Zuhri.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন